



ফিফথ সফিকিউন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা

দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০



**১ম মেধায় ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্বে বিষয় পরিবর্তনকৃত (Migration)
ছাত্র-ছাত্রীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে সরকারি বি এল কলেজ, খুলনায় মাস্টার্স ১ম পর্ব শ্রেণীর '১ম মেধায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বিষয় পরিবর্তন (Migration)' এর ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশিত হয়েছে। ওয়েব সাইটে প্রদত্ত ফলাফলের ভিত্তিতে যে সকল ছাত্র-ছাত্রীর বিষয় পরিবর্তন (Migration) হয়েছে তাদেরকে বর্ণিত তারিখে ভর্তি হতে হবে।

১। ভর্তির তারিখ :

বিষয়ের নাম	ভর্তির তারিখ
ইতিহাস, ইসলামের ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইসলামী শিক্ষা	৩১.১২.২০১৫ হতে ০৭.০১.২০১৬ পর্যন্ত
বিঃ দ্রঃ ০৭.০১.২০১৬ তারিখের মধ্যে অবশ্যই বিষয় পরিবর্তন করতে হবে।	

২। ১ম মেধা তালিকা বিষয় পরিবর্তন অনলাইনে ভর্তি ফরম গ্রহণ : ৩১.১২.২০১৫ থেকে ০৭.০১.২০১৬ তারিখ পর্যন্ত।

৩। বিষয় পরিবর্তনের জন্য ভর্তি ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd/admissions থেকে সংগ্রহ করতে হবে।

৪। যে সকল ছাত্র-ছাত্রীর বিষয় পরিবর্তন (Migration) হয়েছে তারা আর কোনভাবেই পূর্বের বিষয়ে থাকতে পারবে না।

৫। যে সকল ছাত্র-ছাত্রীর বিষয় পরিবর্তন (Migration) হয়নি তাদের পূর্বের বিষয়ে বহাল থাকবে।

৬। ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই ভর্তির মূল প্রবেশপত্র সংগে আনতে হবে। ভর্তির সময় প্রবেশপত্রের ফটোকপি জমা দিতে হবে।

৭। ছাত্র-ছাত্রীকে পরিবর্তিত বিষয়ে সেমিনার ফিস পরিশোধ করে নতুন সেমিনার রশিদ গ্রহণ করতে হবে।

৮। ছাত্র-ছাত্রীকে ডিগ্রি (পাস) পাসের মূল নম্বর ফর্দ ও প্রশংসাপত্র এর সত্যায়িত ফটোকপি এবং সেমিনার রসিদ ফটোকপি করতে হবে।
আবেদন ফরমের ১ সেট পরিবর্তিত বিভাগে এবং মূল ভর্তি ফরমের সাথে ১ সেট প্রশাসনিক ভবনে জমা দিতে হবে।

৯। ইতোপূর্বে (পূর্ববর্তী বিষয়ে) ভর্তিকৃত বিষয়ের মূল বেতন বই সংগে আনতে হবে। মূল বেতন বই ছাড়া কোন বিচ্ছিন্ন পাতায় বিষয় পরিবর্তনকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে না।

১০। সেমিনার ফিস : (প্রতি শিক্ষাবর্ষে) মানবিক/ ব্যবসায় শিক্ষা = ৪০০/- (চারশত টাকা) এবং
বিজ্ঞান = ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ টাকা) মাত্র।

১১। পরিবর্তিত বিষয়ে নির্ধারিত সেমিনার ফিস প্রদান করে সেমিনার রশিদ গ্রহণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে গৃহীত নির্ধারিত ভর্তি ফরম বিভাগীয় প্রধানের অনুমোদন পূর্বক ফটোকপি করতে হবে। ইতোপূর্বে ভর্তিকৃত বিষয়/ বিভাগ হতে পূর্বে গৃহীত সেমিনার রশিদের মূল কপি ফেরৎ দিয়ে সেমিনার ফিসের টাকা ফেরৎ নিতে/ দিতে হবে। পূর্ববর্তী বিষয়/ বিভাগ হতে সেমিনার ফিস এবং অন্যান্য কাগজপত্র পরিবর্তিত বিষয়ে জমা দিতে হবে।

১২। বিষয় পরিবর্তনকৃত ছাত্র-ছাত্রীদের পরিবর্তিত বিষয়ে নতুন শ্রেণী রোল নম্বর প্রদান করতে হবে।

১৩। পরিবর্তিত বিষয়ে ভর্তির ফরম কলেজের প্রশাসনিক ভবনের পিছনে কাউন্টারে জমা দিতে হবে। এ জন্য ছাত্র-ছাত্রীদের কোন অতিরিক্ত ভর্তি ফিস প্রদান করতে হবে না।

(প্রফেসর গুলশান আরা বেগম)

অধ্যক্ষ

সরকারি-বি এল কলেজ, খুলনা